



www.bilsbd.org

বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ- বিল্‌স

বাড়ি ২০ (৪র্থ তলা), সড়ক ১১ (নতুন), ৩২ (পুরাতন), ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯
ফোন: +৮৮-০২-৪১০২০২৮০, ৪১০২০২৮১, ৪১০২০২৮২, ৪১০২০২৮৩, ফ্যাক্স : ৮৮-০২-৫৮১৫২৮১০, E-mail : bils@citech.net

তারিখ: ৩১ অক্টোবর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বিল্‌স আয়োজিত জাতীয় সংলাপে বক্তারা

গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্ত করে তাদের অধিকার প্রতিষ্ঠায় এলাকা ভিত্তিক সচেতনতা বৃদ্ধি করতে হবে

গৃহশ্রমিকদের শ্রম আইনে অন্তর্ভুক্ত করে তাদের অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠায় এলাকা ভিত্তিক সচেতনতা বৃদ্ধি করতে হবে বলে মত দিয়েছেন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং ট্রেড ইউনিয়ন ও নাগরিক সমাজের প্রতিনিধিরা। আজ ৩১ অক্টোবর ২০২১ রাজধানীর সিরডাপ মিলনায়তনে বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্‌স সুনীতি প্রকল্পের উদ্যোগে আয়োজিত গৃহশ্রমিকের অধিকার, সুরক্ষা ও শোভন কাজ নিশ্চিতকরণে জাতীয় সংলাপে বক্তারা এ আহ্বান জানান।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় মানবাধিকার কমিশনের সদস্য জেসমিন আরা বেগম বলেন, শ্রম আইন সংশোধন করে গৃহশ্রমিকদের আইনের আওতায় এনে তাদের কাজের স্বীকৃতি নিশ্চিত করতে হবে। তবে শুধু আইন প্রণয়ন করলেই হবে না, আইনের সঠিক প্রয়োগও নিশ্চিত করতে হবে বলে তিনি উল্লেখ করেন। তিনি আরো বলেন, গৃহশ্রমিক নির্যাতনের মামলায় সাক্ষীর অভাব ও বাদীপক্ষের আপোষের কারণে মামলাগুলোর সঠিক নিষ্পত্তি হয় না। এ জন্য তিনি জনমনে সচেতনতা বৃদ্ধির আহ্বান জানিয়ে বলেন শুধুমাত্র গৃহশ্রমিকদের প্রশিক্ষিত করলেই চলবে না নিয়োগকারীদের মনমানসিকতারও পরিবর্তন ঘটাতে হবে।

সভায় বক্তারা বলেন, সঠিক প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে ন্যায্য মজুরিতে দেশে কর্মসংস্থান হলে গৃহশ্রমিকদের বিদেশের মাটিতে গিয়ে নির্যাতনের শিকার হতে হবে না। তারা বলেন, জিডিপিতে গৃহশ্রমিকের অবদান নির্ণয় করতে হলে গৃহশ্রমিকদের সঠিক সংজ্ঞা নির্ধারণ করতে হবে। তার জন্য গৃহশ্রমিকদের সঠিক পরিসংখ্যানও প্রয়োজন। এছাড়াও তারা গৃহশ্রমিকদের সহজ শর্তে ঋণ প্রদান, তাদের সংগঠিত করা, ছুটি, বিশ্রাম, আট ঘন্টা কাজ, মাতৃকালীন ছুটি এবং ন্যায্য মজুরি নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন।

বিল্‌স চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান সিরাজ এর সভাপতিত্বে এবং গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের ভারপ্রাপ্ত সমন্বয়কারী আবুল হোসাইন এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বিল্‌স মহাসচিব ও নির্বাহী পরিচালক নজরুল ইসলাম খান, বিল্‌স এর উপদেষ্টা পরিষদ সদস্য মেসবাহউদ্দীন আহমেদ, বিল্‌স যুগ্ম মহাসচিব ডা. ওয়াজেদুল ইসলাম খান, এনজিও বিষয়ক ব্যুরোর পরিচালক (যুগ্মসচিব) জিনাত আরা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপসচিব (রপ্তানীমুখী শিল্প অধিশাখা) মাহবুবা বিলকিস, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব (সামাজিক নিরাপত্তা) মুহাম্মদ শাখীর আহম্মদ চৌধুরী, শ্রম অধিদপ্তরের পরিচালক মোঃ বেলাল হোসাইন শেখ, সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা কর্মকর্তা কে এম শহীদুজ্জামান, ইনফরমাল সেক্টর-আইএসসি'র ভাইস চেয়ারম্যান মুনসুর হাসান খন্দকার, আইএলও ঢাকা অফিসের প্রোগ্রাম অফিসার শাহাবুদ্দিন খান, অক্সফ্যাম ইন বাংলাদেশ এর প্রকল্প সমন্বয়কারী গীতা রানী অধিকারী, বিল্‌স পরিচালক নাজমা ইয়াসমীন এবং উপপরিচালক ও প্রকল্প সমন্বয়কারী মোঃ ইউসুফ আল মামুন প্রমুখ। অনুষ্ঠানে সরকারি উর্ধতন কর্মকর্তাবৃন্দ, গবেষক, বেসরকারি সংস্থা, গৃহশ্রমিক ইস্যুতে কার্যক্রম বাস্তবায়নকারী ট্রেড ইউনিয়ন নেতৃবৃন্দ, গৃহশ্রমিক নেটওয়ার্ক নেতৃবৃন্দ, নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ, সাংবাদিক সহ বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন

ধন্যবাদান্তে,

মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিল্‌স

ফোন: ০১৯১৪৮৯১২২৩